

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১০৮৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩৮]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাতে কথা বলা নিষেধ এবং এর পূর্ব অনুমতির বিধান রহিতকরণ

باب تَحْرِيمِ الْكَلاَمِ فِي الصَّلاَةِ وَنَسْخِ مَا كَانَ مِنْ إِبَاحَتِهِ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَزُهَيْرُ بْنُ حَرْبٍ، وَابْنُ، نُمَيْرٍ وَأَبُو سَعِيدٍ الأَشَجُ \_ وَأَلْفَاظُهُمْ مُتَقَارِبَةٌ \_ قَالُوا حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، وَأَلْفَاظُهُمْ مُتَقَارِبَةٌ \_ قَالُوا حَدَّثَنَا ابْنُ فُضيَيْلٍ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللّهِ، قَالَ كُنَّا نُسَلِّمُ عَلَى رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم وَهُوَ فِي الصَّلاَةِ فَيَرُدُّ عَلَيْنَا فَلَنَا يَا رَسُولَ اللّهِ كُنَّا عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْنَا فَقُلْنَا يَا رَسُولَ اللّهِ كُنَّا نُسَلِّمُ عَلَيْكَ فِي الصَّلاَةِ شُغُلاً " . فَقَالَ " إِنَّ فِي الصَّلاَةِ شُغُلاً " .

#### বাংলা

১০৮৮-(৩৪/৫৩৮) আবৃ বকর ইবনু আবৃ শায়বাহ (রহঃ) ..... আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সালাত আদায় করতেন সে অবস্থায় আমরা তাকে সালাম দিলে তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) তার জবাব দিতেন। কিন্তু (হাবশায় হিজরতের পর) নাজাশীর কাছ থেকে আমরা ফিরে এসে তাকে (সালাতরত অবস্থায়) সালাম দিলে তিনি তার জবাব দিলেন না। তখন (সালাত শেষে) আমরা বললামঃ হে আল্লাহর রসূল! আপনি সালাত আদায় করতেন এমন অবস্থায় আমরা আপনাকে সালাম দিলে তার জবাব দিতেন। (কিন্তু আজকে আমাদের সালামের জবাব দিলেন না!) রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সালাতের মধ্যে নির্ধারিত করণীয় থাকে\*। (ইসলামী ফাউন্ডেশন ১০৮২, ইসলামীক সেন্টার ১০৯০)

### **English**

Abdullah (b. Masu'd) reported:

We used to greet the Messenger of Allah () while he was engaged in prayer and he would respond to our greeting. But when we returned from the Negus we greeted him and he did not respond to us; so we said: Messenger of Allah. we used to greet you when you were engaged in prayer and you would respond to us. He replied: Prayer demands whole attention.



## ফুটনোট

\* ইমাম নাবাবী (রহঃ) বলেনঃ সালাতরত অবস্থায় শব্দ বিনিময়ে সালামের জবাব দান নিষিদ্ধ, তবে ইশারা দ্বারা জবাবদান নিষিদ্ধ নয়; বরং মুস্তাহাব। জাবির (রাযিঃ) এর হাদীসে এর সাবিত রয়েছে (শরহে মুসলিম ১ম খণ্ড ২০৪ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>